56

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 14 MAY 1998

পৃষ্ঠা 12 কলাম 7

# চট্টগ্রাম বোর্ডের এসএসসি'র ইংরেজী দ্বিতীয় ও বাংলা প্রথম পত্রের পরীক্ষা বাতিল ॥ ১ ও ৩ জুন নতুন তারিখ

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ প্রশ্নপত্র ফাঁসের কারণে চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত চলতি বছরের ইংরেজী ২য়পত্র (নতুন ও পুরাতন উভয় সিলেবাসে) এবং বাংলা (আবশ্যিক) ১ম পত্রের (নতুন ও পুরাতন উভয় সিলেবাসে) পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে। গত ১৮ এপ্রিল ইংরেজী ২য় পত্র এবং ১৯ এপ্রিল বাংলা ১ম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। অন্যান্য বিষয়ে/পত্রে অনুষ্ঠিত পরীক্ষা যথারীতি বহাল থাকবে।

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, বাতিলকৃত দু'টি পত্রের পরীক্ষা (নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী) নৈর্ব্যক্তিক অংশসহ আগামী ১ ও ৩ জুন অনুষ্ঠিত হবে। বোর্ড পরীক্ষার সময়সূচীও ঘোষণা করেছে। ১ জুন সকালে '৯৮ সালের পাঠ্যসূচী অনুযায়ী এবং বিকালে '৯৭ সালের পাঠ্যসূচী অনুযায়ী ইংরেজী ২য় পত্রের পরীক্ষা গ্রহণ করা হবে। ৩ জুন সকালে '৯৮ পাঠ্যসূচী অনুযায়ী এবং বিকালে '৯৭ সালের পাঠ্যসূচী অনুযায়ী বাংলা (আবশ্যিক) ১ম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, বাতিলকৃত ২টি বিষয়ের পরীক্ষা চট্টগ্রাম শিক্ষাবোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।